

**কুমিল্লা বোর্ডের**

**এসএসসি  
পরীক্ষায় পাসের**

**হার ৫৮.৯৮**

(স্টাফ রিপোর্টের)

কুমিল্লা শিক্ষা বোর্ডের ৭৮ সালের মাধ্যমিক পরীক্ষার ফল শনিবার ঘোষণা করা হয়েছে। গত মার্চ মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। পরীক্ষার পাসের হার শতকরা ৫৮ দশমিক ৯৮ ভাগ। এতে অংশ নিয়েছিল মোট ৫১ হাজার ৩৯৫ জন পরীক্ষার্থী। সর্বমোট পাসের সংখ্যা ৩০ হাজার ৩১১ জন।

পরীক্ষার সকল বিভাগের মধ্যে যেখানসারে প্রথম স্থান দখল করেছেন কুমিল্লা জিলা স্কুলের বিজ্ঞান বিভাগের ছাত্র মোঃ কবিরুল হাসান। সাধারণ অংক, অংক, পদার্থ বিদ্যা, কমান্ড শাস্ত্র ও ধর্মীয় শিক্ষা—এ পাঁচটি বিষয়ে কবিরুল হাসান সেরার মার্কও পেয়েছেন।

উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ১ হাজার ৪৭২ জন প্রথম বিভাগে, ১ হাজার ৪৭১ জন দ্বিতীয় বিভাগে ও ১৯ হাজার ৩৬৮ জন তৃতীয় বিভাগে স্থান পেয়েছেন।

বিজ্ঞান বিভাগে পরীক্ষা দিয়েছিলেন ১০ হাজার ৫৯৮ জন। উত্তীর্ণ হয়েছেন ৮ হাজার ১৪১ জন। এ বিভাগে পাসের হার শতকরা ৭৬ দশমিক ৮৩ ভাগ।

প্রথম বিভাগে ১ হাজার ১৪৭ জন, দ্বিতীয় বিভাগে ৩ হাজার ৭৮৭ জন ও তৃতীয় বিভাগে ৩ হাজার ২০৭ জন পরীক্ষার্থী পাস করেছেন।

মানবিক বিভাগে পরীক্ষা দেন ২৩ হাজার ১২৪ জন। উত্তীর্ণ হন ১১ হাজার ৫০৮ জন। বিভাগওয়ারী পাসের হার শতকরা ৪৯ দশমিক ৭৫ ভাগ। প্রথম বিভাগ পেয়েছেন মাত্র ৫৬ জন পরীক্ষার্থী।

বাণিজ্য বিভাগে ১৫ হাজার ১৮৩ জন পরীক্ষা দেন। পাস করেন ১ হাজার ৭৫ জন। এ বিভাগে পাসের হার শতকরা ৫৯ দশমিক ৭৭ ভাগ। প্রথম বিভাগ পেয়েছেন ১২১ জন পরীক্ষার্থী।

শিক্ষকল্যাণ বিভাগে পরীক্ষা দেন ১১৯ জন। পাস করেছেন ১৭৬ জন। পাসের হার শতকরা ৮৮ দশমিক ৪৪ ভাগ। প্রথম বিভাগে ৮৭ জন, দ্বিতীয় বিভাগে ৬৬ জন ও তৃতীয় বিভাগে ৩৩ জন পাস করেছেন।

কৃষি বিভাগে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ২ হাজার ৫৪। সর্বমোট পাসের সংখ্যা ১ হাজার ২৬৭। পাসের হার শতকরা ৬১ দশমিক ৬৮ ভাগ।

গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ২৩৭

**কুমিল্লা বোর্ড**  
(১-এর পর পর)  
জন পরীক্ষার্থীর মধ্যে ১৩৩ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৬১ দশমিক ৬০ ভাগ।